



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখ: ২৮/১১/২০১৭

বরিশাল বিশ্ববিদ্যালয় ছাত্র নির্দেশনা ও পরামর্শ কেন্দ্রের আয়োজনে ছাত্র উপদেষ্টাদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয় ছাত্র নির্দেশনা ও পরামর্শ কেন্দ্রের আয়োজনে বিশ্ববিদ্যালয়ের ২০টি বিভাগের ছাত্র উপদেষ্টাদের সাথে এক মতবিনিময় সভা আদ্য ২৮ নভেম্বর ২০১৭ তারিখ সকাল ১১ টায় মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের শ্রেণিকক্ষে অনুষ্ঠিত হয়েছে। ছাত্র নির্দেশনা ও পরামর্শ কেন্দ্রের পরিচালক জীববিজ্ঞান অনুষদের ডিন ড. মো: হাসিনুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক সহ ২০ টি বিভাগের সম্মানিত ছাত্র উপদেষ্টাবৃন্দ। মতবিনিময় সভায় উপস্থিত ছাত্র উপদেষ্টাগণের উদ্দেশ্যে উপাচার্য মহোদয় বলেন, বরিশাল বিশ্ববিদ্যালয়কে বিশ্বমানের পর্যায়ে নিয়ে যেতে হলে শিক্ষার্থীদের শুধুমাত্র একাডেমিক কার্যক্রমের মধ্যে সীমাবদ্ধ না রেখে তাদের সহশিক্ষামূলক কার্যক্রমে অংশগ্রহণ আরও বেশি মাত্রায় নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে শিক্ষকদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনারা যারা ছাত্র উপদেষ্টার দায়িত্বে আছেন তারা শিক্ষার্থীদেরকে বিভিন্ন ক্ষেত্রের আওতায় নিয়ে আসবেন, অর্থাৎ গ্রুপ স্টাডির প্রতি জোর দিতে হবে। শিক্ষার্থীরা যাতে ভালো মানুষ হয়ে উঠতে পারে সে বিষয়ে আপনাদের লক্ষ্য রাখতে হবে। উপাচার্য মহোদয় বলেন, বাংলাদেশ ক্রমেই উন্নত দেশের দিকে এগিয়ে যাচ্ছে। আর এটা সম্ভব হয়েছে মাননীয় প্রধানমন্ত্রীর দূরদর্শী নেতৃত্বের কারণে। শিক্ষার্থীদের বড় একটা অংশ তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে নিজেদেরকে দক্ষ করে গড়ে তুলতে সক্ষম হয়েছে। রাষ্ট্রের প্রতিটি পর্যায়কে এখন ডিজিটালাইজেশনের আওতায় নিয়ে আসা সম্ভব হয়েছে, যার সুফল পাওয়া সমগ্র বাংলাদেশবাসী। আর এই ডিজিটাল বাংলাদেশ বিনির্মানের রূপকার হচ্ছেন মাননীয় প্রধানমন্ত্রীর সুযোগ্য পুত্র সজীব ওয়াজেদ জয়। তাই বাংলাদেশকে একটি উন্নত ও ধনী রাষ্ট্রে পরিনত করতে হলে আমাদেরকে শুধু আর্থিকভাবে ধনী হলে চলবে না, চিন্তা-চেতনা এবং মন মানসিকতায়ও আমাদেরকে ধনী হতে হবে। আর তাই এখন থেকেই শিক্ষার্থীদেরকে প্রকৃত শিক্ষায় শিক্ষিত করার দায়িত্ব আপনাদের। মতবিনিময় সভায় ছাত্র নির্দেশনা ও পরামর্শ কেন্দ্রের পরিচালক ড. মো: হাসিনুর রহমান মাননীয় প্রধানমন্ত্রীর ‘এটুআই প্রজেক্ট’ নিয়ে উপস্থিত ছাত্র উপদেষ্টাদের সাথে বিশদ আলোচনা করেন এবং ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে সকলকে এ বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করে বক্তব্য রাখেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রহমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস